গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৯/২০১৭-১৮

ঢাকা, বুধবার ৯ আগস্ট ২০১৭, ২৫ শ্রাবণ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। স্বাধীনতা যুদ্ধে ভূমিকার জন্যই বঙ্গমাতাকে হত্যা করা হয় : প্রধানমন্ত্রী

২। সন্ত্রাসী তৎপরতা চালানোর জন্য বাংলাদেশের ভূখন্ড ব্যবহার করতে দেওয়া হবে না : প্রধানমন্ত্রী

৩। চালের আমদানি শুল্ক কমে পাঁচ শতাংশ হচ্ছে : বাণিজ্যমন্ত্রী

৪। বঙ্গবন্ধুর পলাতক খুনিদের অবস্থান নিশ্চিত হওয়া গেছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। ২২টি এজেন্সির নিবন্ধিতদের হজে প্রেরণ নিশ্চিত করতে হবে : ধর্মমন্ত্রী

৬। ঈদুল আজহার আগে পরে ৫ দিন করে বন্ধ থাকবে ট্রাক-ভ্যানের ফেরি পারাপার

৭। পথ শিশুদের শিক্ষা ব্যয় মিটবে সিএসআরের অর্থে : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

৮। মানবসম্পদ উন্নয়নে ৫৭ কোটি টাকা দিচ্ছে জাপান

চলমান পাতা-২

১। স্বাধীনতা যুদ্ধে ভূমিকার জন্যই বঙ্গমাতাকে হত্যা করা হয় : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ১৫ আগস্টের খুনিরা মহান স্বাধীনতা যুদ্ধে বঙ্গমাতার অবদান সম্পর্কে জানতো, তাই তাঁকেও নির্মমভাবে হত্যা করেছে। তিনি বলেন, আমার মনে হয় ঘাতকের দল জানতো এদেশের স্বাধীনতার পেছনে আমার মায়ের অবদান। তাই আমার মায়ের ওপরও তাদের আক্রোশ ছিল। প্রধানমন্ত্রী গতকাল ৮ আগস্ট মঙ্গলবার ওসমানী স্মৃতি মিলনায়তনে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবের ৮৭তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

২। সন্ত্রাসী তৎপরতা চালানোর জন্য বাংলাদেশের ভূখণ্ড ব্যবহার করতে দেওয়া হবে না : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার পার্শ্ববর্তী দেশের সঙ্গে যৌথ উদ্যোগে সীমান্তে মানবপাচার বন্ধের উদ্যোগ নিয়েছে। সন্ত্রাসের বিরুদ্ধে তাঁর সরকারের জিরো টলারেন্স নীতির উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, কাউকেই কোনো প্রকার সন্ত্রাসী তৎপরতা চালানোর জন্য বাংলাদেশের ভূখণ্ড ব্যবহার করতে দেওয়া হবে না। এ প্রসঙ্গে তিনি বলেন, সকল শ্রেণিপেশার মানুষের মধ্যে গণসচেতনতা সৃষ্টির মাধ্যমে তাঁর সরকার সমাজ থেকে সন্ত্রাস ও জঙ্গিবাদ উৎপাটনের উদ্যোগ নিয়েছে। ব্রিটিশ পররাষ্ট্র ও কমনওয়েলথ বিষয়ক দফতরের প্রতিমন্ত্রী তারিক মাহমুদ আহমেদ গতকাল ৮ আগস্ট মঙ্গলবার গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাত করতে এলে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২),

৩। চালের আমদানি শুল্ক কমে পাঁচ শতাংশ হচ্ছে : বাণিজ্যমন্ত্রী

চালের আমদানি শুল্ক কমিয়ে পাঁচ শতাংশ করা হচ্ছে বলে সংসদীয় কমিটিকে জানিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। এর আগে চালের আমদানির ওপর ২৮ শতাংশ শুল্ক থাকলেও তা কমিয়ে ১০ শতাংশ নির্ধারণ করা হয়েছিল। সরকারের নতুন সিদ্ধান্তে চালের আমদানি শুল্ক দাঁড়াবে মাত্র পাঁচ শতাংশ। গতকাল ৮ আগস্ট মঙ্গলবার সংসদ ভবনে অনুষ্ঠিত বৈঠকে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠক শেষে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ জানান, চালের আমদানি শুল্ক নতুন করে আরও পাঁচ শতাংশ কমানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। শীঘ্রই এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **যায়যায়দিন** (পৃ.১,ক.১)।

৪। বঙ্গবন্ধুর পলাতক খুনিদের অবস্থান নিশ্চিত হওয়া গেছে : স্বরাষ্ট্রমন্ত্রী

বিদেশে পলাতক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুনিদের অবস্থান চিহ্নিত হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল ৮ আগস্ট মঙ্গলবার সচিবালয়ে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে সার্বিক আইনশৃঙ্খলা ফলোআপ বৈঠকের পর মন্ত্রী এ কথা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক. ৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪),

৫। ২২টি এজেন্সির নিবন্ধিতদের হজে প্রেরণ নিশ্চিত করতে হবে : ধর্মমন্ত্রী

সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে ২২টি হজ এজেন্সিকে ভিসার আবেদন করতে দুই দিনের আল্টিমেটাম বেঁধে দিয়েছেন ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। তিনি বলেছেন, আগামী ১০ আগস্টের মধ্যে যেসব হজ এজেন্সি হজের কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হবে, তাদের লাইসেন্স বাতিল করা হবে। এজেন্সিগুলো সময় মতো রিপোর্ট না করায় হজ ফ্লাইট বাতিল হয়েছে। ধর্মমন্ত্রী বলেন, হজযাত্রীগণ সারা জীবনের সঞ্চয় দিয়ে হজ করতে সৌদি আরবে যান। সকল হজযাত্রীরাই হজে যাওয়ার সুযোগ পাবেন বলেও ধর্মমন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন। গতকাল ৮ আগস্ট

মঙ্গলবার আশকোনাস্থ হজ ক্যাম্পে এক প্রেস ব্রিফিংয়ে ধর্মমন্ত্রী একথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

৬। ঈদুল আজহার আগে পরে ৫ দিন করে বন্ধ থাকবে ট্রাক-ভ্যানের ফেরি পারাপার

ঈদুল আজহা উপলক্ষে ঈদের পূর্বে ৫ দিন ও ঈদের পরে ৫ দিন নিত্যপ্রয়োজনীয় পণ্য ব্যতীত সাধারণ ট্রাক ও কাভার্ড ভ্যান ফেরি পারাপার বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে পশুবাহী ট্রাক চলাচলের বিষয়ে অগ্রাধিকার দিতে বলা হয়েছে। এছাড়া যাত্রীবাহী লঞ্চের স্বাভাবিক চলাচল নিশ্চিতকল্পে নৌপথে সব মাছ ধরার জালপাতা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। লঞ্চ মালিকদের নৌপথের ভাড়া বাড়ানোর দাবির জবাবে নৌমন্ত্রী শাজাহান খান বলেন, নীতিমালার আলোকে ভাড়া বৃদ্ধি করা হবে। ভাড়া বৃদ্ধির আগে কেউ যদি অতিরিক্ত ভাড়া আদায় করে তাহলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি। গতকাল ৮ আগস্ট মঙ্গলবার রাজধানীর মতিঝিলে বিআইডব্লিউটিএ ভবনে পবিত্র ঈদুল আজহা উপলক্ষে জলযানসমূহ সুষ্ঠুভাবে চলাচল, যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণ সংক্রান্ত এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৭। পথ শিশুদের শিক্ষা ব্যয় মিটবে সিএসআরের অর্থে : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের (সিএসআর) আওতায় এখন থেকে পথ শিশু ও কর্মজীবী শিশু-কিশোররা শিক্ষা বা কারিগরি শিক্ষার সুযোগ পাবে। একই সঙ্গে তাদের ব্যাংক হিসাব খোলা ও পরিচালনার ব্যয়ও থাকছে সিএসআরের আওতায়। গতকাল ৮ আগস্ট মঙ্গলবার এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে বাংলাদেশ ব্যাংক। উল্লিখিত খাতে ব্যাংকগুলোকে সিএসআর থেকে খরচ করার পরামর্শ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **যুগান্তর** (পৃ.১৫,ক.১)।

৮। মানবসম্পদ উন্নয়নে ৫৭ কোটি টাকা দিচ্ছে জাপান

মানবসম্পদ উন্নয়নে প্রায় ৫৭ কোটি টাকা অনুদান দিচ্ছে জাপান। এ অর্থ সরকারি কর্মকর্তাদের উচ্চ শিক্ষার জন্য ‘দ্য প্রজেক্ট ফর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট স্কলারশিপ’ শীর্ষক প্রকল্প বাস্তবায়নে ব্যয় করা হবে। প্রকল্পের আওতায় তিন ও চার বছর মেয়াদি পর্যায়ে আলাদাভাবে ২৪ কোটি ৮২ লাখ ৯৬ হাজার টাকা ও ৩২ কোটি ৩ লাখ টাকা প্রদান করবে দেশটি। রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে গতকাল ৮ আগস্ট মঙ্গলবার এ উপলক্ষে অনুদান চুক্তি ও বিনিময় নোট স্বাক্ষরিত হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** মহাখালী পাবলিক ইনস্টিটিউটের খাদ্য পরীক্ষাগারের তথ্যানুযায়ী দেশের ৫৪ ভাগ খাদ্যপণ্য ভেজাল ও দেহের জন্য মারাত্মক ক্ষতিকর উল্লেখ করে জনগণের স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য ও ভোক্তা অধিকার আইনের প্রয়োগ নিশ্চিত করার পাশাপাশি সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** হজযাত্রীরা সময়মতো ভিসা না পাওয়ায় বাংলাদেশ বিমানের ১৭টি ও সৌদি এয়ারলাইন্সের ৪টি হজ ফ্লাইট বাতিল হওয়ার জন্য হজ এজেন্সিগুলোর অব্যবস্থাপনাকে দায়ী করে এই এজেন্সিগুলোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :** বাংলাদেশের জাতীয় মাছ ইলিশ ভৌগোলিক নির্দেশক (জিআই-জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন) পণ্য হিসেবে স্বীকৃতি পাওয়ায় স্বস্তি প্রকাশ করে এর মধ্য দিয়ে ইলিশের ওপর বাংলাদেশের ঐতিহাসিক অধিকার স্বত্ব আকারে সুপ্রতিষ্ঠিত হলো বলে মত প্রকাশ।

ঘ. **ভোরের কাগজ :** মাঠ পর্যায়ে মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ে আর্থিক লেনদেনসহ নানা অনিয়ম এবং দুর্নীতির অভিযোগ উঠার কথা উল্লেখ করে তথ্য ভিত্তিক যাচাই-বাছাই করে মুক্তিযোদ্ধা পরিচয় নিশ্চিত ও তালিকা চূড়ান্ত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে খাদ্যপণ্যে ক্ষতিকর কীটনাশক, রাসায়নিক সার, বিষাক্ত ও অস্বাস্থ্যকর বালাইনাশক ব্যবহার কঠোরভাবে প্রতিহত করতে শহর থেকে গ্রাম পর্যায়ে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার আহ্বান।

চ. **ডেইলি সান :** পদ্মা রেল লিংক বাস্তবায়নের দ্বারা রাজধানীর সাথে দেশের দক্ষিণাঞ্চলের পাঁচ জেলার রেল যোগাযোগ সম্পন্ন হলে তাতে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি আরও ১.৫ থেকে ১.৭৫ শতাংশ বৃদ্ধি হওয়ার প্রত্যাশা।

ছ. **নিউজ টুডে :** রাজধানী ঢাকার সাথে অন্য পৌরসভার লোকজনের আয় ৪৫ শতাংশ কম হওয়ায় এ অসমতা দূরীকরণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **নিউ নেশন :** বিগত তিন বছরে গুঁড়োদুধ আমদানি প্রায় দ্বিগুণ হওয়ায় স্থানীয় দুধ উৎপাদনকারীদের স্বার্থ রক্ষায় গুঁড়োদুধ আমদানির পরিবর্তে স্থানীয় উৎপাদন বাড়ানোর উদ্যোগ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ঢাকাকে তিলোত্তমা নগরী হিসেবে গড়ে তুলতে হলে নিতে হবে দীর্ঘমেয়াদী পরিকল্পনা।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'অপ্রয়োজনে সিজারিয়ান নয়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, অপ্রয়োজনীয় সিজারিয়ান অপারেশন বন্ধে সুনির্দিষ্ট মানদণ্ড মেনে হাসপাতাল, ক্লিনিক ইত্যাদির লাইসেন্স প্রদান ও নবায়ন করার বিধান চালু করতে হবে। ।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা